যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে শরীক করা ছাড়া মৃত্যুবরণ করে সে জান্নাতে প্রবেশ করবে”

আবূ যার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি একদা নবী (ﷺ)-এর সাথে ছিলাম। তিনি বললেন: "যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে শরীক করা ছাড়া মৃত্যুবরণ করে সে জান্নাতে প্রবেশ করবে।” আমি বললাম, যদিও সে যিনা করে এবং চুরি করে! তিনি বললেন: যদিও সে যিনা করে এবং চুরি করে! আমি আবার বললাম, যদিও সে যিনা করে এবং চুরি করে! তিনি বললেন: যদিও সে যিনা করে এবং চুরি করে! আমি আবার বললাম, যদিও সে যিনা করে এবং চুরি করে! তিনি বললেন: যদিও আবূ যার (রাঃ) এর নাক ধূলিমলিন হয়। আবূ যার (রাঃ) যখনই এ হাদীস বর্ণনা করতেন তখনই বলতেন, যদিও আবূ যার (রাঃ) এর নাক ধূলিমলিন হয়।

[বুখারী] [যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে শরীক করা ছাড়া মৃত্যুবরণ করে]

আবূ যার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি একদা নবী (ﷺ)-এর সাথে ছিলাম। তিনি বললেন: আমার নিকট আগন্তুক আমার রবের পক্ষ থেকে আগমন করে, অতঃপর সংবাদ দেয় যে, আমার উম্মতের মধ্যে যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে শরীক করা ছাড়া মৃত্যুবরণ করে সে জান্নাতে প্রবেশ করবে। আমি বললাম, যদিও সে যিনা করে এবং চুরি করে? তিনি বললেন: যদিও সে যিনা করে এবং চুরি করে। আমি আবার বললাম, যদিও সে যিনা করে এবং চুরি করে? তিনি বললেন: যদিও সে যিনা করে এবং চুরি করে। আমি আবার বললাম, যদিও সে যিনা করে এবং চুরি করে? তিনি বললেন: যদিও আবূ যার (রাঃ) এর নাক ধূলিমলিন হয়। আবূ যার (রাঃ) যখনই এ হাদীস বর্ণনা করতেন তখনই বলতেন, যদিও আবূ যার (রাঃ) এর নাক ধূলিমলিন হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/8388